রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ডিসেম্বর ৪, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৮ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং *০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৩.১৮৫*—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'স্মার্ট জননিরাপত্তা, সাইবার নিরাপত্তা এবং নিরাপদ ক্লাউড বিষয়ক উপকমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) **উপকমিটির গঠন** :

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ৩. | পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| ৫. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ৭. | মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড | সদস্য |
| ৮. | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | সদস্য |
| ৯. | মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী | সদস্য |
| ১০. | মহাপরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) | সদস্য |


**মূল্য** : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১১. | চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন | সদস্য |
| ১২. | চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি করর্পোরেশন | সদস্য |
| ১৪. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি করর্পোরেশন | সদস্য |
| ১৫. | অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **উপকমিটির কার্যপরিধি:**

(১) উপকমিটি তার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;

(২) চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;

(৩) নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;

(৪) স্মার্ট বাংলাদেশ-২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;

(৫) প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বাস্তবায়ন তদারকি করবে; এবং

(৬) কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ষান্মাষিক ভিত্তিতে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সকে অবহিত করবে।

(গ) উপকমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে যে কোনো সময় সভা আয়োজন করতে পারবে।

(ঘ) উপকমিটি প্রয়োজনে অন্য কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) জননিরাপত্তা বিভাগ এ উপকমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ইশরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd